রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হামযাহ’র মেয়ে সম্পর্কে বলেছেন, সে আমার জন্য হালাল নয়। কেননা বংশ কারণে যা হারাম হয়, দুধ পানের সম্পর্কের কারণেও তা হারাম হয়, আর সে আমার দুধ ভাইয়ের মেয়ে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হামযাহ’র মেয়ে সম্পর্কে বলেছেন, সে আমার জন্য হালাল নয়। কেননা বংশ কারণে যা হারাম হয়, দুধ পানের সম্পর্কের কারণেও তা হারাম হয়, আর
সে আমার দুধ ভাইয়ের মেয়ে।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আলী ইবন আবি তালিব রাদিয়াল্লাহু ‘আনহু চাইলেন যে, তাদের চাচা হামযার মেয়েকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিয়ে করুক। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে জানালেন, সে তাঁর জন্য হালাল নয়। কারণ, তিনি ও তাঁর চাচা হামযাহ আবু লাহাবের বাদী সুওয়াইবার দুধ পান করেছেন। ফলে হামযাহ তার দুধ ভাই। অতএব, তিনি হামযার মেয়ের চাচা হয়ে গেলেন। আর বংশ কারণে যা হারাম হয়, দুধ পানের সম্পর্কের কারণেও তা হারাম হয়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6162